



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

স্মারক কু:বি:/জন ও তথ্য/০১ /প্র:বি./ ২০০৯/ ০২০

তারিখ: ২৭/০৮/২০১৯খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে `Outcome Based Curriculum Development` শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত ৭টি বিভাগের শিক্ষকদের নিয়ে `Outcome Based Curriculum Development` শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৭ আগস্ট) সকাল ১০টায় কুবি ভারুয়াল ক্লাস রুমে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ্র দেবের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এমরান কবির চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. মোঃ আবু তাহের এবং বিশেষজ্ঞ সদস্য হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউটের সাবেক পরিচালক প্রফেসর ড. এম. মোজাহার আলী।

এআইএস বিভাগের সহকারী অধ্যাপক শুভ ব্রত সাহা'র সঞ্চালনায় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, আমাদের দেশের শিক্ষক-শিক্ষার্থীরা আমেরিকা, কানাডা, জাপান, চীন, মালয়েশিয়াসহ পৃথিবীর বিভিন্ন দেশে পিএইচডি করার সুযোগ পাচ্ছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও পিএইচডি করে আসলে কোয়ালিটি ও শিক্ষার মান বৃদ্ধি পাবে। তিনি আরও বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উপরই নির্ভর করছে বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ। এই বিশ্ববিদ্যালয়ের পরিবেশ অনেক সুন্দর। যদি শিক্ষকরা তাঁদের কাজ ঠিকমতো করে তাহলে এই বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক মানে পৌঁছে যাবে।

আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ্র দেব এবং অতিরিক্ত পরিচালক ড. বনানী বিশ্বাসের সার্বিক তত্ত্বাবধানে কর্মশালায় ইংরেজি, ব্যবস্থাপনা শিক্ষা, এআইএস, মার্কেটিং, সিএসই, আইসিটি ও বাংলা বিভাগের সহযোগী ও সহকারী অধ্যাপকগণ অংশগ্রহণ করেন।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. রেজিস্ট্রার মহোদয়।
৩. সংশ্লিষ্ট নথি